গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬,আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৩১.১১.০০৩.১৮.১২৬৪(৩০)  তারিখঃ ১৬ /০৭/২০১৮ খ্রিঃ

**বিষয়ঃ ৩০% মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ নিশ্চিতকরণ ও নিয়োগকৃতদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।**
সূত্রঃ খাদ্য মন্ত্রণালয়ের ২৮/০৬/২০১৮ তারিখের ৫৪ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জন প্রশাসন মন্ত্রণালয়ের ১৬ জানুয়ারি, ২০১১ তারিখের ২৬ নং স্মারকে সরকারি দপ্তর, স্বায়ত্বশাসিত/আধা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বিভিন্ন কর্পোরেশনের চাকরিতে সরাসরি নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা এবং উপর্যুক্ত প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যার অনুকুলে ৩০% কোটা বলবৎ হবে মর্মে নির্দেশনা রয়েছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন, ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারীকৃত পরিপত্রের ২ এর (ঘ) অনুচ্ছেদে 'মুক্তিযোদ্ধা কোটায় যে কোন নিয়োগের তালিকা সংযুক্ত ছকে নিয়োগকারী কর্তৃপক্ষ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করবেন' মর্মে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯ জুন, ২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারীকৃত পরিপত্রের (কপি সংযুক্ত) ২ এর (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী ৩০% মুক্তিযোদ্ধা কোটার বিস্তারিত তথ্যাবলী নির্ধারিত ছকে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্তদের তথ্যাদি আগামী ০৭(সাত) দিনের মধ্যে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

এতে মহাপরিচালকের অনুমোদন রয়েছে।

১৬/০৭/১৮

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯
ই-মেইলঃ dd.est@dgfood.gov.bd

সংযুক্তঃ ২ (দুই) পাতা।
প্রাপকঃ

১। পরিচালক, প্রশাসন/সবধি/চসসা/হিসাব ও অর্থ/পউকা/সংগ্রহ/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, ঢাকা।
৩। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
৪। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা/এম.আই.এস.এন্ড.এম. বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/ বরিশাল/সিলেট। (তার নিয়ন্ত্রণাধীন সকল দপ্তরে পরিপত্রটি প্রেরণ করতে অনুরোধ করা হলো)
৬। সাইলো অধীক্ষক নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/আশুগঞ্জ, বি-বাড়ীয়া/ সান্তাহার, বগুড়া/ স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।
৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। (পরিপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।)
৪। অফিস কপি।
৫। মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৪
১৯ জুন, ২০১৭

# পরিপত্র

বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website-এ প্রকাশিত প্রমাণক (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট) এর আলোকে যাচাই পুর্বক প্রত্যয়ন।

বিভিন্ন মন্ত্রণালয়, প্রতিষ্ঠান, সংস্থা, বিশ্ববিদ্যালয় থেকে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও PRL সংক্রান্ত বিষয়ে প্রেরিত প্রমাণকসমূহ যাচাই বাছাই পূর্বক প্রত্যয়ন প্রদানের জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। ইতোমধ্যে এ মন্ত্রণালয়ে ব্যাপক সংখ্যক মুক্তিযোদ্ধার প্রমাণক যাচাই বাছাই এর অপেক্ষায় আছে। এ ব্যাপক সংখ্যক মুক্তিযোদ্ধার সনদ যাচাই বাছাই সম্পন্ন করণের জন্য যথেষ্ট সময় প্রয়োজন। মুক্তিযোদ্ধা গণকর্মচারীদের বয়স বৃদ্ধিসহ বিভিন্ন পদের বিপরীতে সুপারিশপ্রাপ্ত চাকরি প্রত্যাশী,বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে সুপারিশকৃত ভর্তিচ্ছুক প্রার্থীরা বিভিন্ন সময়ে এ মন্ত্রণালয়ে এসে তাঁদের সনদ প্রত্যয়নের বিষয়ে তাগাদা দিচ্ছেন। কিন্তু জনবলের অভাবে তা দ্রুততার সাথে নিষ্পন্ন করা সম্ভব হচ্ছে না।

০২। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও PRL সংক্রান্ত তথ্য যাচাই এর বিষয়টি তরান্বিত করার লক্ষ্যে নিম্নে বর্ণিত নির্দেশনাবলী জারী করা হলঃ-

ক) কোন মুক্তিযোদ্ধার নাম লাল মুক্তিবার্তা অথবা ভারতীয় তালিকায় থাকলে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website (www.molwa.gov.bd)- এ প্রকাশিত লালমুক্তিবার্তা অথবা ভারতীয় তালিকার সাথে তা মিলিয়ে নেবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত লাল মুক্তিবার্তা কিংবা ভারতীয় তালিকা কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, ঠিকানা সঠিক পাওয়া গেলে তা গ্রহণ যোগ্য বলে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে তাঁর বয়স ৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সঠিকতার পাশাপাশি বয়স প্রত্যাশিত পর্যায়ের হলে, সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় তাঁকে মুক্তিযোদ্ধা গণ্য করে সংশ্লিষ্ট প্রার্থীকে আইনানুগভাবে নিয়োগ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে পারবে। আরো উল্লেখ থাকে যে, কোন প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত লাল মুক্তিবার্তা কিংবা ভারতীয় তালিকা কিংবা উপস্থাপিত উভয় তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিক পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাঁর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিখিত পত্র প্রেরণ করবে। তৎপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করলে সে মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

খ) কোন মুক্তিযোদ্ধার নাম ভারতীয় তালিকা কিংবা লাল মুক্তিবার্তায় না থাকা সত্বেও যদি তাঁর অনুকূলে

i) গেজেট ও সাময়িক সনদ

কিংবা

ii) গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত সনদ (বামুস)

কিংবা

iii) গেজেট, সাময়িক সনদ, ও বামুস সনদ থাকে

তবে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণলয়ের ওয়েবসাইটে প্রকাশিত গেজেট,সাময়িক সনদ/বামুস সনদ এর সাথে তা মিলিয়ে নেবে। সে ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/ গেজেট ও বামুস সনদ /গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ এর সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম, ঠিকানা সঠিক পাওয়া গেলে তা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে। তবে এ ক্ষেত্রে তাঁর বয়স ৩০.১১.১৯৭১ খ্রিস্টাব্দ তারিখে কিংবা তার পূর্বে কমপক্ষে ১৩ বছর হতে হবে। মুক্তিযোদ্ধার নাম,পিতার নাম ও ঠিকানার সঠিকতার পাশাপাশি বয়স প্রত্যাশিত পর্যায়ের হলে, সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় তাঁকে মুক্তিযোদ্ধা গণ্য করে সংশ্লিষ্ট প্রার্থীকে অস্থায়ী নিয়োগ প্রদান করতে পারবে। তবে এ জাতীয় গেজেট ও সনদ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই বাছাই এর আওতাধীন থাকায় সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ মর্মে অঙ্গীকারনামা গ্রহণ করবে যে, জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক চূড়ান্ত যাচাই-বাছাই শেষে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরুপ কোন তথ্য পাওয়া গেলে তাঁর অস্থায়ী নিয়োগ বাতিল হবে এবং তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যার্পণ করতে বাধ্য থাকবেন। আরো উল্লেখ থাকে যে, কোন প্রার্থীর আবেদনে উল্লিখিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানার সাথে প্রার্থীর উপস্থাপিত গেজেট ও সাময়িক সনদ/ গেজেট ও বামুস সনদ /গেজেট ও সাময়িক সনদ ও বামুস সনদ তালিকার সাথে website-এ প্রকাশিত মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সঠিক পাওয়া না গেলে সংশ্লিষ্ট মন্ত্রণালয় তাঁর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের নিমিত্ত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বরাবর লিখিত পত্র প্রেরণ করবে। তৎপ্রেক্ষিতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের প্রার্থীর

নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত প্রদান করলে সে মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রার্থীর নিয়োগ/ভর্তি/PRL সংক্রান্ত বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে।

উল্লেখ্য, যাছাই শেষে মুক্তিযোদ্ধাদের সঠিক তালিকা সম্বলিত চূড়ান্ত গেজেট মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের website-এ প্রকাশ করা হবে। প্রকাশিত গেজেটের ভিত্তিতেই কোন চাকরি প্রার্থীর অনুকূলে অস্থায়ীভাবে প্রদানকৃত নিয়োগ নিয়মিত করা যাবে।

গ) কোন মুক্তিযোদ্ধার নাম লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকায় নেই, কিন্তু তাঁর অনুকূলে শুধুমাত্র-

i) গেজেট
কিংবা
ii) সাময়িক সনদ
কিংবা
iii) বামুস সনদ
কিংবা
iv) সাময়িক সনদ ও বামুস সনদ

থাকলেও তাঁকে নিয়োগ করা যাবে না। তবে তাঁর নাম গেজেটসহ উপরিউক্ত (গ) এর (ii), (iii), (iv) এর যে কোন একটি প্রমাণক থাকলে অনুচ্ছেদ ২ (খ) মোতাবেক অস্থায়ী নিয়োগ প্রদান করা যাবে।

ঘ) মুক্তিযোদ্ধা কোটায় যে কোন নিয়োগের তালিকা সংযুক্ত ছকে নিয়োগকারী কর্তৃপক্ষ মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়, জনপ্রশাসন মন্ত্রণালয় ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবেন।

ঙ) অনুচ্ছেদ ২ এর ক, খ, গ ও ঘ এ বর্ণিত নির্দেশনার বিষয়ে কোন অস্পষ্টতা দেখা দিলে সে বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে মতামত/প্রত্যয়ন গ্রহণ করা যেতে পারে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারী করা হল।

স্বা:
(মো: সলিমুল্লাহ)
তাং: ১৯.০৬.২০১৭
যুগ্মসচিব (গেজেট, সনদ ও প্রত্যয়ন)
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
ফোন-০২-৯৫৫০১৪৯

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৪ / ১৯ জুন, ২০১৭

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২(৯৪০)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ,বাংলাদেশ সচিবালয়,ঢাকা/মুখ্য সচিব,প্রধানমন্ত্রীর কার্যালয়,পুরাতন সংসদ ভবন,তেজগাঁও,ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল মন্ত্রণালয়/বিভাগ),................................ বাংলাদেশ সচিবালয়,ঢাকা-(মন্ত্রণালয়ের অধিনস্থ সংশ্লিষ্ট সকল দপ্তর/কার্যালয়/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৩. বিভাগীয় কমিশনার .........................................(সকল) –(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৪. যুগ্মসচিব (আইসিটি সেল), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (পরিপত্রটি মন্ত্রণালয়ের website এ প্রকাশ করার অনুরোধসহ)।
৫. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব), মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
৬. জেলা প্রশাসক .........................................(সকল)–(সংশ্লিষ্ট দপ্তর/সংস্থাকে অবহিত করার অনুরোধসহ)।
৭. সচিব মহোদয়ের একান্ত সচিব,মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. অফিস কপি।

(মোঃ রফিকুল হক)
সিনিয়র সহকারী সচিব
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়।
ইমেইলঃ sasattestration@molwa.gov.bd

shahanaz/Letter 2017/Recrut

1829

# মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগের বিবরণী:

মুক্তিযোদ্ধাদের ওয়ারিশগণের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগকারী /প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ দেশের প্রচলিত আইন অনুসারে ওয়ারিশপত্র পরীক্ষা করবেন। মুক্তিযোদ্ধা জীবিত থাকলে ওয়ারিশপত্রের তাঁর প্রতিস্বাক্ষর থাকবে এবং মুক্তিযোদ্ধা জীবিত না থাকলে ওয়ারিশপত্রে কমপক্ষে ০১ (এক) জন ওয়ারিশের প্রতিস্বাক্ষর থাকতে হবে। কোন মুক্তিযোদ্ধা /মুক্তিযোদ্ধার ওয়ারিশ অসত্য তথ্য প্রদান করে ওয়ারিশপত্র গ্রহণ করলে তাঁর সনদ ও ভাতা স্থগিত করা হবে পাশাপাশি প্রচলিত আইনে ব্যবস্থা নেয়া হবে।

১। নিয়োগ বিজ্ঞপ্তির নম্বর................. তারিখ----------------শূন্য পদের সংখ্যা ...............জন।

২। ৩০% মুক্তিযোদ্ধা কোটায় প্রাপ্য প্রার্থীর সংখ্যা................জন। সুপারিশকৃত প্রার্থীর সংখ্যা------- জন।

৩। প্রাপ্য প্রার্থীর চেয়ে কম প্রার্থী নিয়োগের কারণ (প্রযোজ্য ক্ষেত্রে) ।

৪। মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশকৃত প্রার্থীদের তালিকা। (নিম্নের ছক অনুযায়ী)

| ক্রমিক নম্বর | প্রার্থীর নাম পিতার নাম ও ঠিকানা | মুক্তিযোদ্ধার নাম পিতার নাম ও ঠিকানা | প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত ওয়ারিশ সনদ | মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী: | মুক্তিযোদ্ধার জন্ম তারিখ: | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | (নাতী/নাতনীর ক্ষেত্রে ছেলে/মেয়ে পক্ষ উল্লেখসহ) | ১। লাল মুক্তিবার্তা নম্বর---------<br>২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর----<br>৩। গেজেট নম্বর ও তারিখ -------<br>৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ--<br>৫। বামুস সনদের নম্বর ও তারিখ---- | ১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্মতারিখ------<br>২। জাতীয় পরিচয় পত্র অনুযায়ী জন্মতারিখ ---<br>৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ-----<br>৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়নপরিষদের প্রত্যয়ন পত্র অনুযায়ী জন্ম তারিখ --------- | |

স্বাক্ষর:

নাম:

পদবী:

মোবাইল নম্বর:

২৬।০৫।১৭

মোঃ রফিকুল হক
সিনিয়র সহকারী সচিব
প্রত্যয়ন শাখা
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়

shahanaz/Letter 2017/Recruit